মেহেরপুরে কৃতি শিক্ষার্থীদেরকে সংবর্ধনা অনুষ্ঠান

মেহেরপুরের এসএসসি ২০২২ ব্যাচের ১৬জন কৃতি শিক্ষাথীকে সংবর্ধনা প্রদান করেছেন বিদ্যালয় কর্তৃপক্ষ। গাংনীর ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের বৃহষ্পতিবার (২২ ডিসেম্বর) দুপুরে এ সংবর্ধনা প্রদান করা হয়। প্রতিজন কৃতি শিক্ষার্থীকে একটি করে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়েছে।

ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহাম্মদ রোকনুজ্জামান’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও ইউপি চেয়্যারম্যান আব্দুর রাজ্জাক। বিশেষ অতিথি ছিলেন শানঘাট-চাঁন্দামারী মাধ্যমিক বিদ্যালের প্রধান শিক্ষক আসাদুল আজাদ, রাইপুর মধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান ও বৃটিশ আমেরিকান টোবাকো কোম্পানীর এরিয়া ম্যানেজার এএসএম কামাল হোসেন।

এসময় বিদ্যালেরর শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকরাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

সোহান’স ভার্সিটি কোচিং এর উদ্যোগে নারী ফুটবলার নীলাকে সংবর্ধনা

সাফজয়ী নারী ফুটবল দলের খেলোয়াড় নিলুফা ইয়াসমিন নীলাকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

বুধবার সকালে কুষ্টিয়া সরকারি কলেজের সামনে সোহান’স ভার্সিটি কোচিং এর পক্ষ থেকে এই সংবর্ধনার আয়োজন করা হয়। সংবর্ধনা

অনুষ্ঠানে নীলাকে সম্মাননা স্মারক ক্রেষ্ট ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এসময় নীলার হাতে সম্মাননা স্মারক ক্রেষ্ট তুলে দেন সোহান’স ভার্সিটি কোচিং এর পরিচালক মোহাম্মদ নাহিদুল ইসলাম সোহানসহ প্রতিষ্ঠানের কর্মকর্তারা।

সোহান’স ভার্সিটি কোচিং এর পরিচালক মোহাম্মদ নাহিদুল ইসলাম সোহান বলেন, নীলা আমাদের কুষ্টিয়ার সন্তান হিসেবে আমরা গর্ব করতেই পারি। নারী সাফ চ্যাম্পিয়নশিপে দলের হয়ে শিরোপা জয়ের পাশাপাশি কুষ্টিয়ার এ কির্তিমান নিলুফা ইয়াসমিন নীলাকে সম্মাননা জানাতে পেরে আমাদের এ প্রতিষ্ঠান ধন্য। এমন কৃতি সন্তান আরও গড়ে উঠুক আমাদের এই জেলা থেকে। আমরা নীলার আরও সাফল্য কামনা করি।

সংবর্ধিত হয়ে নীলা বলেন, এবার আমি কুষ্টিয়াবাসীর কাছ থেকে অনেক সম্মান ও ভালোবাসা পেয়েছি। তিনি বলেন, ‘যেদিন থেকে জাতীয় দলে খেলছি সেদিন থেকেই সাফজয়ী হওয়ার প্রবল আকাঙ্ক্ষা ছিল। আমার প্রত্যাশা পূরণ হয়েছে। আমি সবার কাছে দোয়া চাই। যেন দেশকে আরও সম্মানিত করতে পারি।’

প্রসঙ্গত, সোহান’স বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইন্জিনিয়ারিং ভর্তির স্পেশাল প্রাইভেট প্রোগ্রামের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে কুষ্টিয়ায় সুনামের সাথে পরিচালনা করে আসছে।

মেহেরপুরে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির পক্ষ থেকে মেয়রকে সংবর্ধনা

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতি মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটনকে সংবর্ধনা জানানো হয়েছে।

আজ শনিবার সকালের দিকে মেহেরপুর শহরের ২ নম্বর ওয়ার্ড

হালদারপাড়ায় অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির মেহেরপুর জেলা শাখা অফিসে সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দ্বিতীয়বারের মতো মেহেরপুর পৌরসভার মেয়র হিসেবে নির্বাচিত হওয়ায় মাহফুজুর রহমান রিটনের হাতে ক্রেস্ট তুলে দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উপদেষ্টা নূর মোহাম্মদ খান, সভাপতি হাজী মোঃ নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন, ভাইস চেয়ারম্যান হায়দার আলী খান, রমজান আলী, ক্যাশিয়ার আব্দুর রহমানসহ অন্যান্য অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী বৃন্দ, মেহেরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

মেহেরপুর পৌরসভার নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও সংবর্ধনা

মেহেরপুর পৌরসভা নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও মেয়র, সংরক্ষিত নারী কাউন্সিলর এবং সাধারণ কাউন্সিলরদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রবিবার সকালে মেহেরপুর পৌরসভা মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী মুজিবুর রহমান সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, হিসাব রক্ষক আবুল কালাম আজাদ ফুলদিয়ে বরণ করে নেন মেহেরপুর পৌরসভার নির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে।

পরে পর্যায়ক্রমে বরণ করে নেন ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর জাহাঙ্গীর আলম, ২ নাম্বার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন, ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাক

আহমেদ, ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শাহিনুর রহমান রিটন, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবির রিপন, ৯ নাম্বার ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার, সংরক্ষিত নারী কাউন্সিলর দিল আফরোজ, শারমিনা পারভিন, রোকসানা কামাল রুনুকে।

পরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেয়র পত্মী আরিফা রহমান, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান ।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে সংবর্ধনা

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাদিরা খানম কুষ্টিয়া জেলার শ্রেষ্ঠ শিক্ষক (মাধ্যমিক পর্যায়ে-২০১৮/২০২২) এবং বিদ্যালয়ের বর্তমান সহকারী প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোহাঃ আনোয়ার হোসেন ২০১৭ সালের শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হওয়ায় বিদ্যালয়ের পক্ষ থেকে তাকেও সংবর্ধনা জানানো হয়েছে।

আজ সকালে বিদ্যালয়ের শিক্ষক মিলনায়তনে এক অনুষ্ঠানে তাদেরকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মহাঃ মোজাম্মেল হক।
কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আনোয়ার আজম সরকার, সাইদুল ইসলাম, জাহাঙ্গীর সিদ্দিক, শাহিনা বেগম, শামীমা আক্তার, নীলিমা রানী, অলোকা রায়, হাফেজ মোঃ রুহুল আমিন, মাহমুদুল হাসান, রেজাউল করিমসহ সকল শিক্ষকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, কর্মদক্ষতা আর শ্রেণি কক্ষে সুদক্ষভাবে পাঠদানের পাশাপাশি করোনাকালীন শিক্ষার অংশ হিসেবে অনলাইন কার্যক্রমে সক্রিয় অবদান রাখার জন্য জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ উদযাপন কমিটি উপজেলা ও জেলা পর্যায়ে নাদিরা খানমকে শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত করেন।

এ বিষয়ে নাদিরা খানম বলেন, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ এ কুষ্টিয়া জেলার শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি । অভিভূত হয়েছি আমার বিদ্যালয়ের সকল শিক্ষক ও এই প্রতিষ্ঠানের উষ্ণ অভিনন্দনে। তাদের প্রতি আমি কৃতজ্ঞ আমাকে যারা অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, এই অর্জন কেবল আমার একার নয়, এই প্রতিষ্ঠানের বলেও উল্লখ করেন তিনি।